৪৪

আজকের কাগজ

তারিখ 09 JUL 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবিরের অব্যাহত সন্ত্রাস ।। ছাত্রীদের অপহরণের হুমকি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবিরের তান্ডবের প্রেক্ষাপটে উত্তেজনা অব্যাহত রয়েছে। গত ৭ জুলাই ছাত্রদলের সঙ্গে শিবিরের সংঘর্ষ হয়েছে। এতে কমপক্ষে ১০ জন আহত হয়েছে। শিক্ষকরাও ক্লাস ও পরীক্ষা বর্জন অব্যাহত রেখেছেন এবং সিন্ডিকেটের নিষেধাজ্ঞা সত্ত্বেও শিবিরের সন্ত্রাসীরা সশস্ত্র অবস্থায় মিছিল করেছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদলের নেতা–কর্মীদের ঢুকতে দেয়া হয়নি। অন্যদিকে শিবির কর্মীরা ছাত্রীদের অপহরণ করার হুমকি দিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গত ৭ জুলাই সকাল সাড়ে ১০টায় ছাত্রদলের কর্মীরা ক্যাম্পাসে ঢোকার চেষ্টা করলে শিবির-কর্মীরা বাধা দেয়। এ সময় সংঘর্ষ বাধে। সংঘর্ষের সময় ব্যাপক বোমাবাজি ও ধাওয়া–পাল্টা ধাওয়ার মধ্যে ছাত্রদলের দু'জন নেতা ও শিবিরের দু'জন কর্মীসহ ১০ জন আহত হয়। অপরদিকে বিকেলে ছাত্র শিবিরের সভাপতি আব্দুল হাইয়ের নেতৃত্বে শিবিরের সন্ত্রাসীরা তাদের বিরুদ্ধে মিছিল করার কারণে ছাত্রী হল ঘিরে ফেলে ছাত্রীদের অপহরণের হুমকি দেয়। এই ঘটনায় ছাত্রীদের মধ্যে ব্যাপক ভীতি ও কান্নার রোল পড়ে যায়। ছাত্রীরা আতঙ্কিত অবস্থায় প্রক্টরের কাছে তাদের জীবনের নিরাপত্তা বিধানের দাবি জানায়। সর্বদলীয় ছাত্রঐক্য নেতা শাহজাহান আলম সাজু ও আলমগীর হোসেন ঘটনার তীব্র নিন্দা করে এক বিবৃতিতে অবিলম্বে সকল সন্ত্রাসীদের গ্রেফতার ও শাস্তি দাবি করেন। ছাত্রদল আগামী ২ দিনের মধ্যে ছাত্র শিবিরের সন্ত্রাসীদের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে বহিষ্কারের দাবি জানিয়েছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে দু'টি ও ছাত্রদলের পক্ষ থেকে দু'টি মোট ৪টি সন্ত্রাস দমন অধ্যাদেশে মামলা হওয়া সত্ত্বেও এ পর্যন্ত পুলিশ কাউকে গ্রেফতার করেনি। কুষ্টিয়া ও ঝিনেদা থেকে শাহ আরিফ নিশির ও নিজাম উদ্দিন।